দৈনিক ইত্তেফাক

তারিখ ..8 .. 1991
পৃষ্ঠা ... 12 ... কলাম ... 2

## বিজ্ঞান ও প্রযুক্তির সাফল্য অর্জনে চীনের সহযোগিতার উপর গুরুত্ব আরোপ

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সাফল্য অর্জনের লক্ষ্যে বাংলাদেশ ও চীনের মধ্যে এই বিষয়ে সহযোগিতার উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। বাসস জানায়, গতকাল তিনি সফররত চীনা বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত প্রতিনিধিদলের সাথে আলাপ প্রসঙ্গে একথা বলেন। এই সময় বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব হিশাম উদ্দিন আহমেদ ও বাংলাদেশে চীনা রাষ্ট্রদূত চে সজুন উপস্থিত ছিলেন।

প্রতিমন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে চীন বিরাট সাফল্য অর্জন করিয়াছে। বাংলাদেশ প্রয়োজনীয় কারিগরি শিক্ষার অভাবে অনেক পিছাইয়া আছে। তিনি আশা করেন বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে চীনা সহযোগিতা দুই দেশের সম্পর্ককে আরো দৃঢ় করিবে।

46